

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
রাষ্ট্রাচার অনুবিভাগ
ঢাকা

নং-পম/রাষ্ট্রাচার (সফর)/বহিঃ/ইউএনজিএ-৭১তম/২০১৬/প্র-০১

০১ আগস্ট ২০১৬

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)
সেগুনবাগিচা, ঢাকা

প্রেরকঃ মোস্তফা জামিল খান
সহকারী সচিব (নীতি)

বিষয়ঃ আগামী ১০-২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে যোগদানের নিমিত্তে আগামী ১৭-২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারী সফর করবেন। তাঁর এ সফরের অগ্রগামী দলের সদস্য হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিম্নলিখিত কর্মকর্তাগণ অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তানুযায়ী আগামী ১০-২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারী সফর করবেনঃ

১. জনাব মুহাম্মদ সফিউল আজম, সহকারী সচিব (সফর-১), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. জনাব মোঃ মাহমুদুল ইসলাম, সহকারী সচিব (সফর-২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০২। সফরের সংশ্লিষ্ট শর্তাবলীঃ

- ক) এ সফরের উদ্দেশ্যে তাঁরা ১০ সেপ্টেম্বর ২০১৬ বা তার নিকটবর্তী সময়ে নিউইয়র্কের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৭ সেপ্টেম্বর ২০১৬ বা এর নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- খ) এ সফরকালীন তাঁরা সরকারী কাজে নিয়োজিত রয়েছেন বলে গন্য হবেন।
- গ) এ সফরকালীন বেতন ভাতাদি স্থানীয় মুদ্রায় প্রাপ্য হবেন। বেতন ভাতাদির কোন অংশই বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তাঁরা বিদেশে অবস্থান করতে পারবেন না।

৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরীপত্র জারী করা হলো।

আপনার একান্ত,

(মোস্তফা জামিল খান)
সহকারী সচিব (নীতি)
ফোনঃ ৯৫৫৩১৯৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. জনাব মুহাম্মদ সফিউল আজম, সহকারী সচিব (সফর-১), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. জনাব মোঃ মাহমুদুল ইসলাম, সহকারী সচিব (সফর-২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৪. সহকারী কমিশনার (কাষ্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৬. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

(মোস্তফা জামিল খান)
সহকারী সচিব (নীতি)